শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# গাজীপুর সিটি কর্পোরেশন
## নগর ভবন
### প্রশাসন শাখা
gcc.gov.bd

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০- ৮৫৯ তারিখঃ ২১।০৭।২০২১ খ্রি.

গাজীপুর সিটি কর্পোরেশনের ১৯.০৫.২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদের ২৩তম ভার্চুয়াল মাসিক সভার কার্যবিবরণী ঃ-

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম<br>মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ১৯.০৫.২০২১খ্রিঃ, রোজ বুধবার। |
| সভার সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা। |

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আমিনুল ইসলাম ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানান। তিনি আরো জানান যে, নগরবাসীও সন্তোষজনক অবস্থায় ভাল আছেন। এই সময় প্রায় ৭০০ কিলোমিটারের উপরে রাস্তা নির্মাণ করেছেন। ৩০,০০০ মসজিদ মাদ্রাসা কবরস্থান সরিয়ে রাস্তা নির্মাণ করেছেন। ৯০-৯৯% কাউন্সিলর তাকে সাহায্য করেছেন। সভায় তিনি জানান যে, মসজিদ নির্মাণ করলে মুসলমান নামাজ পরে কিন্তু রাস্তা করলে হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিষ্টানসহ সকল প্রাণী চলাচল করে। তিনি বলেন যে, যে সকল কাউন্সিলরগণ দিনে রাতে রাস্তা নির্মাণের কাজে সহযোগিতা করেছেন, সে সকল কাউন্সিলরগনকে পুরস্কার দিবেন। রাজেন্দ্রপুর-জয়দেবপুর, জয়দেবপুর-বনমালা পর্যন্ত রাস্তা নির্মাণ করতে বাধা প্রদান করা হয়েছিল, তিনি উক্ত রাস্তা নির্মাণ করতে সক্ষম হয়েছেন। সভাপতি মহোদয় আরো জানান যে, রাতে দিনে পরিশ্রম করে ৩০০ বিঘা জমি অধিগ্রহণ করে কাশিমপুর, কোনাবাড়ী, গাছা, পুবাইল, কাউলতিয়ায় ৪০' রাস্তা নির্মাণ করেছেন। ৪৩-৫৭নং ওয়ার্ডের রাস্তাগুলো নির্মাণ করতে সরকারের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগীতা করা হয়েছে। নাগরিকদের স্বার্থে দ্রুত সমস্যা সমাধান করে প্রথম ধাপে বড় রাস্তা, দ্বিতীয় ধাপে ছোট রাস্তা নির্মাণ করা হবে। দেশে প্রায় ১৪-১৫ মাস যাবৎ করোনা, এসময় সবচেয়ে বেশী বরাদ্দ দিয়েছে গাজীপুর সিটি কর্পোরেশনকে। গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় ৩০-৪০ লক্ষ লোকের বসবাস। অনেকে আমাদের কাজ বাধা দিয়েছে। তিনি বলেন যারা কাজে বাধা দিয়েছেন সভাপতি মহোদয় তাদের সমালোচনা করেন। অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ-

**আলোচ্যসূচী -০১ ঃ বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: আমিনুল ইসলাম ভার্চুয়াল সভায় বিগত মাসিক সভার কার্যবিবরণী পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -০২ ঃ চলমান বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০২ | ২। মাননীয় মেয়র মহোদয় উন্নয়নমূলক কার্যক্রমের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদেরকে তাদের প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।<br><br>২(১) **"গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্প (ডিপিপি- ৭০০.৬০ কোটি)** ।<br><br>"গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বৎসর মেয়াদী অর্থাৎ ২০২১ এর জুন মাসে প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত আছে। কিন্তু কোভিড-১৯ এর কারণে গত এক বৎসর প্রকল্পের অগ্রগতি মন্থর হয়। অন্য দিকে প্রকল্পটি অর্থবৎসর শুরু হওয়ার প্রায় ৬মাস পর অনুমোদন পাওয়া যায়। বর্তমানে কাজের ভৌত অগ্রগতি প্রায় ৮২%। প্রকল্পটির সময় ১ বৎসর বৃদ্ধির জন্য সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আশা করা যাচ্ছে অতি শীঘ্রই অনুমোদন পাওয়া যাবে। | ২(১) প্রকল্প কাজ সুষ্ঠু ভাবে বাস্তবায়নের স্বার্থে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে দ্রুত অনুমোদন প্রাপ্তির এবং কাজের গুণগতমান সঠিক রেখে অনুমোদিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | ২(২) **"গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-১৫১০)।**<br><br>"গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির মেয়াদ জুন/২০২১ এ সমাপ্তির জন্য নির্ধারিত আছে। কিন্তু কোভিড-১৯ এর কারণে এবং ১ম অর্থ বৎসর শুরু হওয়ার প্রায় ৭ মাস পর অনুমোদন হওয়ায় প্রকল্পটির বাস্তব অগ্রগতি প্রায় ৭০%। প্রকল্পের কাজটি সুষ্ঠু ভাবে বাস্তবায়ন করতে আরোও ১ বৎসর সময় বৃদ্ধিসহ কয়েকটি জরুরী জনগুরুত্বপুর্ণ রাস্তা,নর্দমা, ড্রেণ নির্মাণের জন্য আরো ৩৯ কোটি টাকা বৃদ্ধি করে ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যে বিভাগীয় বাছাই কমিটিতে অনুমোদিত হয়েছে। খুব শীঘ্রই জিও পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। | ২(২) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের অভ্যন্তরীণ রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটি নতুন প্যাকেজ গুলোর দ্রুত টেন্ডার দেয়া এবং কাজের গুনগতমান বজায় রেখে অনুমোদিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | ২(৩) **"গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির (ডিপিপি-৩৮২৮)** ।<br><br>"গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৩৮২৮) এর জমি অধিগ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২(৩) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির জমি অধিগ্রহণের কাজটি ত্বরান্বিত করার জন্য মাননীয় মেয়র মহোদয়/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | চারটি প্যাকেজের জমি অধিগ্রহণের বিষয়টি ডিসি অফিসে প্রক্রিয়াধীন আছে। ইতিমধ্যে একটি প্যাকেজের সাত ধারা জারী করা হয়েছে। বাকী তিনটি প্যাকেজের কাজ সাত ধারা জারীর অপেক্ষায় আছে। অন্য বারোটি প্যাকেজের জমি অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদন স্থানীয় সরকার বিভাগ হতে পাওয়া গেছে এবং অধিগ্রহণ প্রস্তাব ডিসি অফিসে দাখিল করা হযেছে। অধিগ্রহণের কাজ ডিসি অফিসে চলমান আছে।<br><br>গাজীপুর সিটি কর্পোরেশনের "Asphalt Plant স্থাপন" শীর্ষক প্রকল্পটির প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর/২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ২টি প্যাকেজের টেন্ডারিং কার্যক্রম সমাপ্ত হয়েছে। নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান এবং Asphalt Plant স্থাপনের কার্যক্রম চলমান আছে।<br><br>TAPP এর প্রকল্প পরিচালক সভায় জানান যে, DUET এর মাধ্যমে গাজীপুর সিটি কর্পোরেশনের সমন্বিত মাষ্টার প্ল্যান এর কাজটি চলমান আছে। ইতিমধ্যে প্রায় ২২% অগ্রগতি হয়েছে। আশা করা যাচ্ছে যে, যথাসময়ে প্রকল্পের কাজটি সম্পন্ন হবে। | ২(৩)১. "Asphalt Plant স্থাপন" শীর্ষক প্রকল্পটি কাজের অগ্রগতি বৃদ্ধি করে নির্ধারিত সময়ের জন্য শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২(৩)২. TAPP প্রকল্পটির প্রকল্প পরিচালককে কাজের অগ্রগতি বৃদ্ধি করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **২(৪) সিজিপি এর অগ্রগতি সম্পর্কে আলোচনা (JICA এর অর্থায়নে):**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী CGP প্রকল্পের ব্যাচ-১ এবং ব্যাচ-২ এর মাধ্যমে গৃহিত উপ-প্রকল্পগুলির অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে দেখা যায় যে, ব্যাচ-১ এর মোট ১০টি উপ-প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% এবং অর্থনৈতিক অগ্রগতি দুইটি প্রকল্প বাদে বাকী প্রকল্প গুলোর ১০০%।<br>অন্যদিকে ব্যাচ-২ এর উপ-প্রকল্পগুলির মধ্যে প্যাকেজন নং-০১, প্যাকেজন নং-০৬, প্যাকেজন নং-০৫, প্যাকেজন নং-০৪, প্যাকেজন নং-১২, প্যাকেজন নং-১৩ এবং অতিরিক্ত প্যাকেজ নং-১৭, প্যাকেজন নং-২১ এবং প্যাকেজন নং-২৩ এর অগ্রগতি সমানুপাতিক হয়নি। | ২(৪) জাইকা-এর অর্থায়নে চলমান অবশিষ্ট কাজগুলি দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **২(৫) CRDP-II এর অগ্রগতির আলোচনা-**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভায় জানান যে, CRDP-II প্রকল্পের প্যাকেজন নং- W-01 এর অগ্রগতি প্রায় ৩৩% এবং প্যাকেজ নং- W-02 এর অগ্রগতি প্রায় ৬৫%। ইতিমধ্যে প্রকল্পের সময় প্রায় শেষের দিকে।<br>মাননীয় মেয়র মহোদয় সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদপত্র দিয়ে দ্রুত কাজের অগ্রগতি বৃদ্ধি করে উপ-প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করেন। | ২(৫)সিআরডিপি-২ প্রকল্পের ২টি প্যাকেজের কাজের অগ্রগতি বৃদ্ধি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | |
|---|---|---|
| ০২ | ০২(৬)মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (এডিপি) গাজীপুর সিটি কর্পোরেশনের কয়েকটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এর মধ্যে **"গাজীপুর সিটি কর্পোরেশনে ৮টি জোনের বিদ্যমান রাস্তা প্রশস্থকরণ, ড্রেন ও ফুটপাত নির্মাণ"** শীর্ষক প্রকল্পটি অন্তর্ভূক্ত আছে। উক্ত প্রকল্পের অধীনে সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ন সংযোগ রাস্তাগুলি এবং ড্রেনও ফুটপাত অন্তর্ভূক্ত করে একটি প্রকল্প প্রস্তাব স্থানীয় সড়ক বিভাগে প্রেরণ করা যায়। রাস্তা এবং ড্রেনগুলোর তালিকা সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ একমত পোষণ করেন। | ০২(৬) নিম্নে বর্ণিত উপ-প্রকল্পগুলি (ডিপিপি) **"গাজীপুর সিটি কর্পোরেশনে ৮টি জোনের বিদ্যমান রাস্তা প্রশস্থকরণ, ড্রেন ও ফুটপাত নির্মাণ"** শীর্ষক প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>১। প্রত্যাশা ব্রীজ (দৌড়/ঢাকা আশুলিয়া রাস্তা) হতে বাদাম, গাছা হয়ে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে কড্ডা পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br><br>২। ভাওয়াল গাজীপুর রেল স্টেশন থেকে ভূরুলিয়া, জয়দেবপুর, ধীরাশ্রম, ঢাকা বাইপাস, আব্বাছ মার্কেট, টঙ্গী বণমালা রেল ক্রসিং হয়ে আমতলী বাজার, নিমতলী রেল গেইট এবং বনমালা রেল ক্রসিং থেকে সাইদ মৃধা সড়ক হয়ে ফাইসন্স রোড পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br><br>৩। নাওজোড় থেকে ইসলামপুর হয়ে কাশিমপুর জিতার মোড়/বিএডিসি মোড় পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br>৪। সাকেশ্বর হতে কাউলতিয়া বাজার হয়ে মাস্টার বাড়ী পর্যন্ত (ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক সংযোগ) রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br>৫। বড়বাড়ী থেকে আব্বাছ মার্কেট হয়ে মেঘডুবী বাইপাস (জয় বাংলা সড়ক) পর্যন্ত রাস্তা এবং উক্ত রাস্তা থেকে নিমতলী রাস্তা পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ (জয় বাংলা সড়ক)।<br>৬। ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক তামীরুল মিল্লাত মদ্রাসা সংলগ্ন হতে বনমালা পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br>৭। আহাকি বটতলা রোড নজু উদ্দিন সাহেবের বাড়ী হতে জয়ার টেক স্কুল হয়ে নছর মার্কেট এবং মেঘলাল মসজিদের সামনে দিয়ে মৌচাক ভান্নারা রোড পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br>৮। বিআইডিসি রোড তিতাস গ্যাস সংলগ্ন হতে মার্কাস ব্রীজ-শশ্মান ব্রীজ - শানঘাটা ব্রীজ - তিতারকুল ব্রীজ পর্যন্ত রাস্তা নির্মাণ। তিতারকুল থেকে রাজবাগান, বালুচাকুলী হয়ে কানাইয়া রাস্তা পর্যন্ত রাস্তা নির্মাণ।<br>৯। ঢাকা বাইপাস নাগদা ব্রীজ হতে হারবাইদ, মারুকা হয়ে টঙ্গী-কালীগঞ্জ রাস্তা পর্যন্ত এবং হারবাইদ স্কুল টঙ্গী-কালীগঞ্জ রাস্তা সংলগ্ন জামান ফিলিংস্টেশন পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ। |

| | | | |
|---|---|---|---|
| | | ১০। ঢাকা-ময়মনসিংহ আইইউটি সংলগ্ন হতে প্রস্তাবিত প্রত্যাশা রাস্তা পর্যন্ত প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br>১১। ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক (প্রস্তাবিত নগর ভবন) সাইনবোর্ড হতে ভোগড়া বাইপাস পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br>১২। বাইমাইল হতে দক্ষিণ দিকে নদীর পাড় হয়ে জরুণ এবং উক্ত রাস্তা হতে কাসেম ল্যাম্পস ফ্যাক্টরি পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ।<br><br>১৩। শিববাড়ী মোড় হতে জোড়পুকুর, হাড়িনাল বাজার হয়ে তিতারকুল বাজার পর্যন্ত এবং হাড়িনাল বাজার হতে শানঘাটা এবং জয়দেবপুর- কলের বাজার রাস্তা হাজিবাগ মসজিদ সংলগ্ন হতে বাঙ্গালগাছ সংযোগ সড়ক পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ ড্রেন ও ফুটপাত নির্মাণ।<br>১৪। কাশিমপুর নামা বাজার হতে ধঞ্জয়খালী সরকারী প্রাথমিক বিদ্যালয় হয়ে গাজীপুর সিটি কর্পোরেশনের শেষ সীমানা (বিল্লালের বাড়ী) এবং ধঞ্জয়খালী সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে কাশিমপুর-নরসিংহপুর রাস্তায় সুরাবাড়ী পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ।<br>১৫। সালনা বাজার হতে কারখানা বাজার পর্যন্ত রাস্তা প্রশস্থকরণসহ ড্রেন ও ফুটপাত নির্মাণ। | |

আলোচ্য সূচী ০২(ক)ঃ প্রস্তাবিত প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনাঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৪ | মেয়র মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনে বেশ কিছু গুরুত্বপূর্ন রাস্তা টেন্ডারের মাধ্যমে নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল কাউন্সিলর একমত পোষন করেন। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের বিষয়ে ৪৬নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নূরুল ইসলাম সভায় জানান যে, মন্ত্রী মহোদয়ের বাড়ীর রাস্তায় পানির পাম্পে ৩০০০ ফিট পানির পাইপ অকেজো হয়ে পড়েছে। এতে করে পাইপের পানি রাস্তায় এসে জনগনের চলাচলের বিঘ্ন সৃষ্টি করছে। আরো জানান যে, উপল ইন্টারন্যাশনাল অনেকগুলো কাজ ঝুলিয়ে রেখেছে। ৫৪নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নাসির উদ্দিন মোল্লা জানান যে,খাঁ পাড়া রোডের ৪০' ড্রেন অপরিস্কার, পুরো এলাকা তলিয়ে গেছে। ৪৫নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ শাহ আলম রিপন জানান যে, জামাই বাজার পানির পাম্প নষ্ট হয়ে গেছে। অনেকেই পানির জন্য কষ্ট করছেন। কিছু রাস্তা টেন্ডারের বাকী আছে। ০৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কাউসার আহম্মেদ, ১নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ ওসমান গনি লিটন সভায় জানা যে, ১৮ কিলোমিটার রাস্তার ড্রেনের সংস্কার করতে হবে। তা না হলে মশার উপদ্রব বাড়বে। খাল খনন বন্ধ, ড্রেনটি সংস্কার করতে হবে। ৩৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সাইফুল ইসলাম দুলাল সভায় জানান যে, তার ওয়ার্ডে ৯টি রাস্তার কাজের মধ্যে ৮টি রাস্তার কাজ হয়েছে, বাকী ১টি রাস্তার কাজ হয়নি। এলাকার | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br><br>ক) ১নং অঞ্চলের ১৫টি ওয়ার্ডের বাজেট দিলে ড্রেনগুলো পরিস্কার করবেন।<br><br>খ) ৪৫নং ওয়ার্ডের ১-২ লক্ষ লোক বসবাস করে। সকল রাস্তা ৩০' ফুট করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>গ) ১নং ওয়ার্ডের নতুন খাল খনন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>ঘ) ৩৭নং ওয়ার্ডের ১টি রাস্তায় যত টাকা লাগে সাহায্য লাগবে তার করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>ঙ) ৩৩নং ওয়ার্ডের বাধাকৃত তিনটি রাস্তায় মাননীয় মেয়র মহোদয় যাবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>চ) ২১নং ওয়ার্ডের কবরস্থান ও স্কুল করে দিবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয় এবং মাননীয় মেয়র মহোদয় সকল ধর্মীয় প্রতিষ্ঠান ও সামাজিক প্রতিষ্ঠানে আর্থিক ভাবে সাহায্য করবেন। |

| | | |
|---|---|---|
| | লোকজন মাননীয় মেয়র মহোদয়ের সাথে দেখা করবেন। ড্রেন গুলোকে পরিস্কার করতে হবে এবং স্লাব নেই। ছোট ছোট বাচ্চারা যে কোন সময় ড্রেনের মধ্যে পড়ে যেতে পারে। ৩৩নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আলহাজ্ব মোঃ মিজানুর রহমান জানান যে, ৫টি রাস্তা দিয়েছিল ১টি রাস্তাও আসেনি। ৩টি রাস্তার মাথায় বাধা আছে। ৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সেলিম রহমান জানান যে, ঢাকা-টাঙ্গাইল রাস্তাটি দেওয়ালিয়া দিয়ে বের হবে। ২১নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোহাম্মদ ফারুক আহম্মেদ সভায় সকলকে ঈদের শুভেচ্ছা জানান, সুন্দর রাস্তার জন্য অভিনন্দন জানান। ৪৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ শফিউদ্দিন সভায় জানান যে, বনমালা হায়দ্রাবাদ ব্রীজ ঢাকা থেকে আগত লোকজন ব্যবহার করছিল, রেল লাইনের জায়গা বন্ধ করে দিয়েছিল। মাননীয় মেয়র মহোদয় রাত দিন পরিশ্রম করে রাস্তাটির নির্মাণ কাজ করেন। তিনি মাননীয় মেয়র মহোদয়কে কৃতজ্ঞতা, অভিনন্দন, ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বলেন যে, গাজীপুরের মানুষ সারাজীবন মেয়র মহোদয়কে স্মরণ করবে। তিনি আরো বলেন যে, পুরাতন ড্রেন গুলো দ্রুত পরিস্কার করতে হবে। ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ড্রেনগুলো চৌরাস্তা থেকে টঙ্গী পর্যন্ত যে পাইপ ড্রেন গুলো করা হয়েছে, তা অপরিকল্পিত ভাবে করা হয়েছে। চেরাগ আলী রোড, এরশাদ নগর জনদুর্ভোগ। মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে যে রাস্তা সম্পন্ন হয়েছে, গাড়ী নিয়ে এসে ঘুরে দেখার জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান যে, হোল্ডিং ট্যাক্স মাইকিং করে দিলে জনগন সকল ট্যাক্স পরিশোধ করে দিবেন। ১নং ওয়ার্ডের কাউন্সিলর, ১৮নং ওয়ার্ডের কাউন্সিলর, ৩২নং ওয়ার্ডের কাউন্সিলর, ৪০নং ওয়ার্ডের কাউন্সিলর, ৪৯নং ওয়ার্ডের কাউন্সিলর, ৫১, ৫৭নং ওয়ার্ডের কাউন্সিলর মাননীয় মেয়র মহোদয়ের ভূয়সী প্রশংসা করেন এবং অভিনন্দন ও ধন্যবাদ জানান। | ছ) নিম্নলিখিত প্রস্তাবিত প্রকল্পগুলো সিটি কর্পোরেশনের আর্থিক তহবিলের বিষয় বিবেচনা করে পর্যায়ক্রমে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ- |

| ক্রঃ নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১. | গাজীপুর সদর সাব-রেজিষ্ট্রি অফিস ভবনের মেরামত করণ |
| ০২. | এডিসি মহোদয়ের কটেজের ভিতরে ফুটপাত ও ব্রিক ড্রেন নির্মাণ। |
| ০৩. | উত্তর বিলাশপুর জনাব নয়ন সাহেবের বাড়ীর বাউন্ডারী ওয়াল নির্মাণ। |
| ০৪. | তরুবিথী রাস্তা থেকে পশ্চিম দিকে মেজরের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন। |
| ০৫. | গাজীপুর সিটি কর্পোরেশনের অঞ্চল-০৭ ওয়ার্ড নং-০৭ এর উদ্ধার হওয়া ৪.৮১ একর সরকারী খাস জমির মধ্যকার আবর্জনা অপসারণ ও বালি ভরাট করণ |
| ০৬. | গাজীপুর সিটি কর্পোরেশনের ৮নং অঞ্চলের অফিস ভবন মেরামত |
| ০৭. | ক) চন্দ্র-নবীনগর হাইওয়ের নবী টেক্সটাইল হতে ক্যাপ ফ্যাক্টরী হয়ে জনাব মোহাম্মদ আলীর বাড়ী পর্যন্ত রাস্তা কার্পেটিং করণ<br>খ) চন্দ্র-নবীনগর হাইওয়ের নবী টেক্সটাইল হতে হাতিল ফার্নিচার ফ্যাক্টরী হয়ে বৈড়ই বাড়ী মসজিদ পর্যন্ত রাস্তা কার্পেটিং করণ |

| | | |
|---|---|---|
| **আলোচ্য সূচী ০২(খ)ঃ আর,এফ,কিউ'র প্রকল্প সম্পর্কে আলোচনাঃ**<br>সভায় উপস্থিত বিভিন্ন জোনের সংশ্লিষ্ট কাউন্সিলরগন জানান যে, নিম্মেবর্ণিত প্রকল্পগুলি অতি জনগুরুত্বপূর্ণ বিধায় সংশ্লিষ্ট এলাকার জনগনের চাহিদার প্রেক্ষিতে আর,এফ,কিউ'র মাধ্যমে উক্ত প্রকল্পগুলি সম্পন্ন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পগুলো জরুরী ও জনগুরুত্বপূর্ণ বিধায় আর, এফ, কিউ'র মাধ্যমে সম্পন্ন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃনং | প্রকল্পের নাম | প্রাক্কলন মূল্য |
|---|---|---|
| ০১. | ইটাহাটা রোড এর আরসিসি রাস্তার শেষ হইতে র‍্যাংগস ফ্যাক্টরি হইয়া কলাবাগান রাস্তার মোড় পর্যন্ত রাস্তাটি এইচবিবি ও ব্রিক ব্যাটস দ্বারা মেরামত করণ | ৪,৬৪,৫৩৯/- |
| ০২. | চা-বাগান বাঁশতলা রাস্তা হতে কুমারপাড়া হয়ে কলের বাজার রাস্তা পর্যন্ত এবং চা-বাগান রাস্তা হতে ওয়াজদ্দির টেক হয়ে আফসুর দোকান পর্যন্ত সলিং ও এইচবিবি দ্বারা মেরামত করণ | ৪,৮০,৮৪১/- |

০২.(গ) গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের সংশ্লিষ্ট কাউন্সিলরগন জানান যে, জনগনের চাহিদা এবং অতিবৃষ্টি ও বাস্তবতার প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রকল্পগুলি বিভিন্ন কারনে রিভাইজড, রিকাষ্ট ও সাইড পরিবর্তন করা প্রয়োজন।

| ক্রঃনং | প্রকল্পের নাম ও প্যাকেজ নম্বর | চুক্তি মুল্য | সংশোধিত মুল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | গাজীপুর সিটি কর্পোরেশন খাইলকৈর এসফল্ট প্লান্ট এর জন্য সিমানা প্রাচীর, সাবস্টেশন রুম, জেনারেটর রুম, সাইট উন্নয়ন সহ রাস্তা নির্মাণ কর-<br>Package No: GCC/Z-06/T-01/2019-2020/R-03<br>Tander ID NO. 434649<br>**সংশোধিত প্রকল্পের নামঃ**<br>গাজীপুর সিটি কর্পোরেশনের রাস্তা উন্নয়নের জন্য একটি এসফল্ট প্লান্ট স্থাপন, প্রকল্পের সীমানা প্রাচীর, সাবস্টেশন রুম, জেনারেটর রুম কাম অফিস বিল্ডিং, সাইট উন্নয়নসহ এইচবিবি দ্বারা রাস্তা নির্মাণ করণ। | ২,৪৩,৮৩,২৭৮.৫৫ | ২,৪৩,৭৯,১৬৫.০৫ | জনগনের চাহিদার প্রেক্ষিতে |

(৩) বিভিন্ন রাস্তা ও ড্রেন জরুরী ভিত্তিতে মেরামতের বিষয়ে আলোচনা ঃ "

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০৩ | মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বেই বেশ কিছু ড্রেন পরিষ্কার এবং মেরামত করা প্রয়োজন। অন্যথায় নগরীর বিভিন্ন এলাকায় এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হবে। অন্যদিকে সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় বেশ কিছু রাস্তা মেরামত/নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৪(১) সংলাগ্নি 'ক' তে বর্ণিত ড্রেনগুলো পরিষ্কার এবং মেরামত করার বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হলো।<br>৪(২) সংলাগ্নি "খ" তে বর্ণিত রাস্তাগুলো মেরামত/নির্মাণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -০৪ ঃ রাজস্ব বিষয়ক আলোচনা :-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| রাজস্ব বিভাগের কাজের গতিশীলতা এবং ধারাবাহিকতা বজায় রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা মতামত প্রকাশ করেন যে, রাজস্ব বিভাগের কর্মকর্তা কর্মচারীদের আন্তরিকতার কারণে নগর ভবনসহ সকল অঞ্চলের রাজস্ব বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগনকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অদ্যকার সভার সভাপতি কর্তৃক মাননীয় মেয়র মহোদয়ের প্রতি ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নে লাইসেন্স ও কর আদায় সংক্রান্ত দাবী ও আদায়ের পরিমান ২০২০-২০২১ অর্থ বছরের দেখানো হলোঃ | প্রধান রাজস্ব কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

**ক) কর পর্যালোচনা পরিষদ (ARB) বিষয়ক আলোচনাঃ**

**ARB কর্তৃক মার্চ/২১ সম্পাদিত কার্যক্রম (অঞ্চল ভিত্তিক)**

সভায় ARB এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ARB এর আঞ্চলিক কার্য্যবিবরণীতে নিম্নোক্ত ছক অনুসারে করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| অঞ্চল | হোল্ডিং এর শ্রেণী | নিষ্পত্তিকৃত হোল্ডিং সংখ্যা | প্রাথমিক ধার্য্যকৃত কর (টাকা) | আপীল নিষ্পত্তিকৃত কর (টাকা) | কর হ্রাসের পরিমাণ | শতকরা হার (%) (হ্রাসের) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | শিল্প | ১৭১ | ৪২৮৪৮২৪৭ | ২২১৩৪৪৪২ | ২০৭১৩৮০৫ | ৪৮% |
| | বাণিজ্যিক | ৭ | ১০২৯৬০ | ৫৫০০৬ | ৪৬৯৫৪ | ৪৫% |
| | আবাসিক | ৭৬০ | ৭২৬১৯০৯ | ৩৫৫৩৩৭৪ | ৩৭০৮৫৩৫ | ৫১% |
| | প্রতিষ্ঠান | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | মোট | ৯৩৮ | ৫০২১৩১১৬ | ২৫৭৪২৮২২ | ২৪৪৬৯২৯৪ | ৪৮.৭৩% |
| ০২ | শিল্প | ১৯ | ১৪৬৮৩৯৯৯ | ৮৭০২৮৯২ | ৫৯৮৬১০৯ | ৪০.৭৭% |
| | বাণিজ্যিক | ০২ | ৮০৮৭৬০ | ৪০৪৪৬৫ | ৩৯৯২৯৬ | ৪৯.৩৭% |
| | আবাসিক | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | প্রতিষ্ঠান | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | মোট | ২১ | ১৫৪৯২৭৫৯ | ৯১০৭৩৫৭ | ৬৩৮৫৪০৫ | ৪১.২২% |
| ০৩ | শিল্প | ১০৯ | ৪৭১০৪৮৭১ | ২৪০২৯৮৩৭ | ২৩০৭৫০৩২ | ৪৮.৯০% |
| | বাণিজ্যিক | ১৩ | ৫৩৭৬৬৫ | ২৮৭১০০ | ২৫০৫৬৫ | ৪৬.৬০% |
| | আবাসিক | ৪২৬ | ৩২৫০০৫১ | ১৬৯২০৩৩ | ১৫৫৮০১৮ | ৪৭.৯৪% |
| | প্রতিষ্ঠান | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | মোট | ৫৪৮ | ৫০৮৯২৫৮৭ | ২৬০০৮৯৭০ | ২৪৮৮৩৬১৫ | ৪৮.৮৯% |
| ০৪ | শিল্প | ০৯ | ৩০২১৩১০ | ১৫৩৩৭৬৯ | ১৫৩৩৭৬৯ | ৫০.০০% |
| | বাণিজ্যিক | ০০ | ০০ | ০০ | ০০ | ০০% |
| | আবাসিক | ৫৩৯ | ২৩৩১২৪২১ | ১১৫৪৩৭৫৮ | ১১৭৬৮৬৬৩ | ৫০.৪৮% |
| | প্রতিষ্ঠান | ০০ | ০০ | ০০ | ০০ | ০০% |
| | মোট | ৫৪৮ | ২৬৩৩৩৭৩১ | ১৩০৭৭৫২৭ | ১৩৩০২৪৩২ | ৫০.৫১% |
| ০৫ | শিল্প | ২০ | ১৪০২৩৫০৭ | ৭৬৭৬৮৫৫ | ৬৩৪৬৬৫২ | ৪৫.২৬% |
| | বাণিজ্যিক | ০৩ | ৩০৯৫৮৭৮ | ২১৪৪৪৩৪ | ৯৫১৪৪৪ | ৩০.৭৩% |
| | আবাসিক | ০৭ | ৪১৪৩৩ | ১২৭০২ | ২৮৭২১ | ৬৯.৩২% |
| | প্রতিষ্ঠান | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | মোট | ৩০ | ১৭১৬০৮১৮ | ৯৮৩৩৯৯১ | ৭৩২৬৮১৭ | ৪২.৭০% |
| ০৬ | শিল্প | ৭৭ | ৪৭৮৩৭০৭০ | ২৬০৬১৯৭৭ | ২১৭৭৫০৪৮ | ৪৫.৫২% |
| | বাণিজ্যিক | ৩২ | ১৮৪৮৮৪০ | ৯৭৬০৩০ | ৮৬২৮১০ | ৪৬.৬৭% |
| | আবাসিক | ১৫৭ | ৯৭৬৫৮৭ | ৪৮০২৫৭ | ৪৯৬৩৩০ | ৫০.৮২% |
| | প্রতিষ্ঠান | ৩ | ১১৫৪১৩৩ | ৭৩৭০৯০ | ৪১৭০৪৩ | ৩৬.১৩% |
| | মোট | ২৬৯ | ৫১৮১৬৬৩০ | ২৮২৫৫৩৫৪ | ২৩৫৫১২৩১ | ৪৫.৪৫% |
| ০৭ | শিল্প | ৪১ | ২৩২৪৫৯২৮ | ১১৪৪৯৫১৬ | ১১৭৯৬৪১২ | ৫০.৭৫% |
| | বাণিজ্যিক | ২০ | ৪৮০৫২০ | ১৯৫৪৫০ | ২৮৫০৭০ | ৫৯.৩২% |
| | আবাসিক | ১৩৮ | ৯৬১০৬৩ | ৩৮২১৮৪ | ৫৭৮৮৭৯ | ৬০.২৩% |
| | প্রতিষ্ঠান | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | মোট | ১৯৯ | ২৪৬৮৭৫১১ | ১২০২৭১৫০ | ১২৬৬০৩৬১ | ৫১.২৮% |
| ০৮ | শিল্প | ৭৬ | ১২১১৮৮৭১১ | ৬০৯৬১০০০ | ৬০২২৭৭১১ | ৪৯.৬৯% |
| | বাণিজ্যিক | ২৪ | ৩০৭৮৬২ | ১৫৯৯৩৮ | ১৪৭৯২৪ | ৪৮.০৪% |
| | আবাসিক | ৩০৪ | ২৭৬৮৮৯০ | ১৩৭৪০২৩ | ১৩৯০৮৬৭ | ৫০.২৩% |
| | প্রতিষ্ঠান | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | মোট | ৪০৪ | ১২৪২৬৫৪৬৩ | ৬২৪৯৮৯৬১ | ৬১৭৬৬৫০২ | ৪৯.৭১% |
| সর্বমোট | | ২৯৫৭ | ৩৬০৮৬২৬১৫ | ১৮৬৫৫২১৩২ | ১৭৪৩৪৫৬৫৭ | ৪৮.৩১% |

সিদ্ধান্তঃ ১) ARB এ উপস্থাপনের পূর্বে সকল হোল্ডিং এর নথি সৃজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২) ARB সভা অনুষ্ঠানের দিনই ঐ দিনের কার্য্যবিবরণী চুড়ান্তকরন ও ARB কর্তৃক স্বাক্ষরের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩) শুনানী শেষে প্রত্যেক আবেদন কারীকে চুড়ান্তকৃত হোল্ডিং ট্রেক্স এর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
৪) ARB এর কার্য্যবিবরণীতে পূর্বের নিষ্পত্তিকৃত সকল মামলার পুঞ্জিভূত তথ্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও বেঞ্চ সহকারী উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নঃ** আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), কর নির্ধারণ কর্মকর্তা (সকল) ।

**(ঙ) কর নির্ধারণ সংক্রান্ত আলোচনাঃ (মাঁচ/ ২০২১পর্যন্ত)**

**১) শ্রেণী ও অঞ্চল ভিত্তিক হোল্ডিং সংখ্যাঃ**

| অঞ্চল / শ্রেণী | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিল্প | ৬৫০ | ১০২ | ৪৩৫ | ১০৯ | ২৪৫ | ৩৯৭ | ৩৫৯ | ৪২৮ | ২৭২৫ |
| বাণিজ্যিক | ১৩৩৪ | ১১১৭ | ৮৬০ | ৩১৩ | ১৮৯ | ৩৩৬ | ৯৬২ | ২১৭৩ | ৭২৮৪ |
| আবাসিক | ৩৩২০১ | ১৮০২৪ | ২৪১৩৮ | ২৭৩৩৭ | ২৪০১০ | ২১০৭৬ | ১২৬৮৭ | ২০৬৪৩ | ১৮১১১৬ |
| প্রতিষ্ঠান | ৫৭ | ৩৮ | ১৭ | ১১১ | ২৭ | ৩১ | ২৯ | ১৯ | ৩২৯ |
| মোট | ৩৫২৪২ | ১৯২৮১ | ২৫৪৫০ | ২৭৮৭০ | ২৪৪৭১ | ২১৮৪০ | ১৪০৩৭ | ২৩২৬৩ | ১৯১৪৫৪ |

**সিদ্ধান্তঃ** ১) নতুন হোল্ডিং অর্ন্তভূক্তির ক্ষেত্রে সতকতা অবলম্বন করতে হবে যেন সিটি কর্পোরেশন এর ভাবমূর্তি ক্ষুন্ন না হয়।

**বাস্তবায়নেঃ** আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল),কর নির্ধারণ কর্মকর্তা (সকল)।

**২) শ্রেণী ও অঞ্চল ভিত্তিক দাবীর বিবরণঃ (মাঁচ / ২০২১ পর্যন্ত)**

| অঞ্চল / শ্রেণী | ১ টঙ্গী | ২ পূবাইল | ৩ গাছা | ৪ গাজীপুর |
|---|---|---|---|---|
| শিল্প | ২৮৫৯৭২২৫২ | ৩২০২৮৭৯৬ | ১৫৮৯০৩৩০৯ | ৩৪২৫৭৮৪৭ |
| বাণিজ্যিক | ২৩৯৪৯৫০০ | ৯৪৭৯৪৩৭ | ৯৪৯৯৮৩৮ | ১৬৩২১৩৯৮ |
| আবাসিক | ২১৩৮১৭৬৭৬ | ২৫৯২৬৩৭৭ | ৮০৩০৪২৪৬ | ৮১৩২৫২৮২ |
| প্রতিষ্ঠান | ১০০৯৬১৭৮ | ১৪০৯১৬৯ | ৮০৯৬৫৭১ | ৩৩৪৬৮১৪৬ |
| মোট | ৫৩৩৮৩৫৬০৬ | ৬৮৮৪৩৭৭৯ | ২৫৬৮০৩৯৬৪ | ১৬৫৩৭২৬৭৩ |

| অঞ্চল / শ্রেণী | ৫ কাউলতিয়া | ৬ বাসন | ৭ কোনাবাড়ী | ৮ কাশিমপুর | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| শিল্প | ১২২৯৪৭১০৭ | ১৩৬২৩২৮৭৯ | ১০১৬৩৮৮৬৩ | ১৭৮৪৫৬৩৫৯ | ১০৫০৪৩৭৫১২ |
| বাণিজ্যিক | ৫১৪৮৭৬৮ | ১৫৫৭৪০৭৫ | ১২৭২১৫৫১ | ৮০৬৬৯১৮ | ১০০৭৬১৪৮৫ |
| আবাসিক | ৩৪৭৫৫১৩৫ | ৭৯২২৩৫২৩ | ৫৭১৭৩২৮০ | ৬৫৯৪০২১৫ | ৬৩৮৪৬৫৭৩৪ |
| প্রতিষ্ঠান | ০০ | ৪৮৬৬০৮০ | ১১৬২৮৬২৬ | ১৯৭৬৩৮০ | ৭১৫৪১১৫০ |
| মোট | ১৬২৮৫১০০৯ | ২৩৫৮৯৬৫৫৭ | ১৮৩১৬২৩২০ | ২৫৪৪৩৯৯৭২ | ১৮৬১২০৫৮৮০ |

## ৬) কর আদায় পর্যালোচনাঃ

১) গত বৎসরের আদায় (২০১৯-২০২০)

| অঞ্চল | দাবী | জুলাই | আগষ্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারী | র্মাচ | এপ্রিল | মে | জুন | মোট আদায় | হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ২০৭৩৬৩৮০৭ | ২৭০৩৯৮৭৯ | ৪১৭০৮৭১৩ | ২৬৮২৫৭০৫ | ২০৩৩০৮৯৫ | ৬০৬৯৪৩৭ | ১১৭৫১৭৪৬ | ৫৯৭৯৯৬১ | ৯৪৫৬৩২৪ | ৫০০৫২০৩ | ২৮৫৬৯৬ | ০ | ১৬৪৪০০৯২ | ১৭০৮৯৩৬৫১ | ৮২.৪১% |
| ০২ | ৪৮২৭৫৭৮৭ | ২১৮৯২২১ | ১৭২৭২৬৭ | ১৯৭৬৩২৯ | ১০৭০৪৯৯ | ২৮৯৯২৩৪ | ৫৯০৮৯৩ | ১৫২৭৩১ | ৫৯৬৫৫৯ | ২৪৯২১৬ | ০ | ০ | ২২২২৭৩ | ১১৬৭৪২২২ | ২৪.১৮% |
| ০৩ | ৮০৪৯৪৯২৫ | ৮১৫৪৩৪ | ২০২৫২১৪১ | ৭৭৩৪৭৮২ | ৫৭১৯৬৩০ | ৪১৪৮৬৯৭ | ২১০৯৬০৭ | ৪৭৩৭৭৫৩ | ২২৮৮৭৩৯ | ৪০৩৭৮৩২ | ০ | ১৫২৮১০ | ৩৩৭৬২১৪ | ৫৫৩৭৩৬৩৯ | ৬৮.৭৯% |
| ০৪ | ৯৪১৮২৬৮৪ | ৭৬৯০৬৬৪ | ৪১৭৭৫৮৫ | ৩৪৭৭০১৮ | ৫৫০৮৪৭৬ | ১৪২২৪১৩ | ১৬৬০৫৯৫ | ১২৭২৭০১ | ৮৯৪৭৬৩ | ৮১৩২০২ | ০ | ২২২০০০ | ২৯১৪৩৭৪৬ | ৫৬২৮৩১৬৩ | ৫৯.৭৫% |
| ০৫ | ৬৮৪৭২৩৮৬ | ৩৫৬০১৬৫ | ১২১০৯৯৮১ | ৩৩৭১৭৯৫ | ৪৫০৯৬৮৩ | ৯৪৮১৮৯ | ৬১১৫৬৩ | ১৩০২৩৯১ | ৭৪৪৩৩০ | ২২৬১১৭০ | ০ | ০ | ৩১৪০২৫৯ | ৩২৫৫৯৫২৬ | ৪৭.৫৫% |
| ০৬ | ৮৫০০০০০০ | ১০৫১৯১২৯ | ১৩৪০৭২৪৪ | ১১৩৯৯২২৯ | ১২৮৩৮৩২৮ | ৫৮২৩৯২৪ | ৭০৭০৯৫৪ | ৪৬০৯৭৫৬ | ৩৫৭৮৯৪ | ২৮৯৪২২৪ | ০ | ১৯৫৭৭৬ | ৯১৭৪৮২১ | ৮১৫১২৩৬৯ | ৯৫.৯০% |
| ০৭ | ২৯৮৯০৫৫৫৫ | ১৪৩৮৪৭২৭ | ১৪৮৭৬২৩৩ | ১০৫৫৩৪৪২ | ৫১৬৬৩২০ | ১৭৮৯৮৭৫ | ১৬৫৩৩৩১ | ৪৩৮৯৩৪৭ | ২৯২৭৯৮৪ | ৬০১৮৫০৪ | ০ | ৩৪৩৩৮১৭ | ৭৭২৫১৩৪ | ৭২৯১৮৭১৪ | ২৪.৩৯% |
| ০৮ | ১৩০০৬৩৬৪২ | ৫২২২৭৪ | ২০০০০৭৪৮ | ২৭৩৯৫৬৮৭ | ১৫২৩৬৮৩৯ | ৩২৬১৭৫৩ | ৫৮৪৮৭০৯ | ৬২৪৩১৬৩ | ৭৩৪১৯৬৬ | ২৬৬৭৮১৬ | ০ | ১০৯০০৯ | ৩২১২২৩৮ | ৯৬৫৪০৬৭৩ | ৭৪.০২% |
| মোট | ৮৩৫৬৩০১২৩ | ৭১৪২১৯৬৪ | ১২৮২৫৯৯১২ | ৯২৭৩৩৯৮৭ | ৭০৩৮০৬৭০ | ২৬৩৬৩৫২২ | ৩১২৯৭৪২৮ | ২৮৬৮৭৮০৩ | ২৭৮২৯৬৪৯ | ২৩৯৪৭১৬৭ | ২৮৫৬৯৬ | ৪১১৩৪১২ | ৬৯০৫৮৫৬৩ | ৫৭৪৩৭৯৭৭৩ | ৬৮.২৬% |

২) র্মাচ / ২০২১ পর্যন্ত দাবী ও আদায় (২০২০-২০২১)

| অঞ্চল | মোট দাবী | | | আদায় | | | | | | | | | | হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | চলতি | বকেয়া | মোট | জুলাই | আগষ্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারি | র্মাচ | মোট | | |
| ০১ | ৫৩৩৮৩৫৬০৬ | ৩৬৪৭৩১৫৬ | ৫৭০৩০৫৭৬২ | ৪৯৯৬৭০৩৪ | ৪১১০৮০৩৫ | ৪৬০৩৬০৭৬ | ২২৭৭৪৭৫১ | ১৫৩৩০৬৩৪ | ২৭০৬৭৭৫৫ | ৭৩২৬০৫২ | ৬৫৪৫০১২ | ৭১১০৭৭২ | ২২৩৩০৬১২১ | ৩৯.১৬% | |
| ০২ | ৪৩০৩৯৮০২ | ২৫৮০৩৯৭৭ | ৬৮৮৪৩৭৭৯ | ২১৩০৪১৪ | ৫৯৫৫৫৪১ | ১০৬১৯১২ | ২৪৩৯৮৫১ | ১০৫১৪৩৭ | ১২৩৯৯৭১ | ৭৬৭৮৪৭ | ২৭৪৫৩৪৪ | ৭১৬২৮৫ | ১৮১০৮৬০২ | ২৬.৩০% | |
| ০৩ | ২৫৫৩৪৮১৭৯ | ২৫১২১২৮৬ | ২৮০৪৬৯৪৬৫ | ১১৯৭৩৩৪৭ | ২১৯১৯৭৫৮ | ২৮৯৩৩০৫৮ | ১৩৯১৪৪১৩ | ৯৩২৭১৮৩ | ৪২০৬৯২৩ | ৫৮৪৭৫১৫ | ৪২৭৪৬৫১ | ৫১৯৮৬১৫ | ১০৫৫৯৫৪৬৩ | ৩৭.৬৫% | |
| ০৪ | ১৬৫৩৭২৬৭৩ | ৪৫১৯০৮৫১ | ২১০৫৬৩৫২৪ | ১৪৪৩৬২৮৮ | ৮০৭১১৮৮ | ১১০৬৮৬৬২ | ৪৬২২৮৮৫ | ৭৩৬৭৩৯০ | ৪৫৬২৩৭৮ | ১৩৫৫৮৯২ | ১১২৭৭৯৯২ | ৬০১৮৯৪৫ | ৬৮৯৮৪২২০ | ৩২.৭৬% | |
| ০৫ | ১১৪২৯২৬৯১ | ৪৬৯৬৯১৪৩ | ১৬১২৬১৮৩৪ | ১৬০৭০৬১৭ | ৮২৪৪১৫৩ | ৫২৮১৬৫১ | ১৮৫০৭৯৫৭ | ৫২৮০৫৮৭ | ২৬৬৫৯৬৬ | ৬৫১৫৬২৮ | ৬৮৬২৯৭৯ | ৫৮৪৫৫৭৪ | ৭৫২৭৫১১২ | ৪৬.৬৮% | |
| ০৬ | ২৩৫১১৮৮৮৩ | ৩৪৮৭৬৩১ | ২৩৮৬০৬৫১৪ | ২৮৮০১৬৮৩ | ২৮৭০২৮১৭ | ১৭৩৪৯২৬২ | ১৭৬১১৫৩৩ | ৮৪৪৪২৬২ | ৭৩২৮৩৬৮ | ৬৯৫৮২৯৩ | ৪২১৪৯০৯ | ৪৬২০৫১০ | ১২৪০৩১৫০৯ | ৫১.৯৮% | |
| ০৭ | ১৪০৮৮০৪৩২ | ২২৪০৮৯০২০ | ৩৬৪৯৬৯৪৫২ | ১৮৪৫১০৬৪ | ২০০১৪৯৯৮ | ১৬৪৭৯৭৭২ | ১৩১৪৯৮১৪ | ৪০৯৭০৮২ | ৫৮৪৫৮৮৮ | ৫২৪৬৮৮৭ | ৩৯৪৭২৭৪ | ৩০৬১১০৭ | ৯০২৯৩৫০৬ | ২৪.৭৪% | |
| ০৮ | ২৫৪৪৩৯৯৭২ | ২৫৩৬৪৪৬১০ | ৫০৮০৮৪৫৮২ | ৩৩৭১৩১৯৮ | ৪৪৪৪৭৫০৬ | ২৭৪৫৯৭৮৩ | ১৫০৫১৮৬৫ | ৫২৮১৮৮৯ | ১০৩০৪৩০১ | ৩৩১৫৯১১ | ৪৬৫৫৪৮৩৩ | ১৭৩১৯৩৬২ | ১৬১৫৪৮৬৪৮ | ৩১.৮০% | |
| মোট | ১৭৪২০২৮২৩৮ | ৬৬০৭৭৬৬৭৪ | ২৪০৩১০৪৯১২ | ১৫৯৪৭৩০২৮ | ১৭৮৪৬৩৯৯৬ | ১৫৩৬৭০১৭৬ | ১০৮০৭২৯৩৯ | ৫৬১৮০৪৬৪ | ৬৩২২১৫৫০ | ৩৭৫৩৬২২৫ | ৪৪৫৬৩০১৪ | ৪৯৮৯১১৭০ | ৮৬৭১৪৩১৮১ | ৩৬.০৮% | |

আলোচনাঃ সভায় অঞ্চল ভিত্তিক আদায়ের তুলনামুলক শতকরা চিত্র উপস্থাপন করে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ ১) প্রতিদিন মোট দাবীর অনুপাতে কত টাকা আদায় হলো আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে তা সার্বক্ষনিক মনিটর করার নির্দেশ দেয়া হয়।

বাস্তবায়নেঃ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), কর আদায় কর্মকর্তা (সকল)।

**সিদ্ধান্তঃ** ১) হোল্ডিং কর নির্ধারণ চূড়ান্ত হওয়ার ৩ কার্যদিবসের মধ্যে হোল্ডিং মালিকদের নোটিশ প্রদান করার নির্দেশ দেয়া হয়।

২) দাবির ছকে মোট দাবির কলাম থেকে ARB কর্তৃক মওকুফ কৃত দাবির কলাম বাদ দিয়ে নীট দাবির কলাম করে আদায়ের হার নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নেঃ** আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), কর নির্ধারণ কর্মকর্তা (সকল)।

২) মার্চ/২০২১ মাসে নতুন লাইসেন্স ইস্যু সংক্রান্ত তথ্য ও আলোচনাঃ

| অঞ্চল | শ্রেণী | সংখ্যা | দাবী | আদায় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| অঞ্চল-১ | শিল্প | ১৪ | ৭১৬২৬৬০ | ১৬০৬৬৫ | |
| | বাণিজ্যিক | ১২৮২ | ৩৪৮৭৬৭৫৬ | ২৯৬৯৫০৪ | |
| অঞ্চল-২ | শিল্প | ০৬ | ৮৬০০০ | ৮৫৫৫৯ | |
| | বাণিজ্যিক | ২১০ | ৩৮০০০০ | ৩৭৬৫১১ | |
| অঞ্চল-৩ | শিল্প | ০৮ | ২৩১১৯১৪ | ৯৭৬৭৩ | |
| | বাণিজ্যিক | ৬৯৮ | ৪০০২৬৩০ | ১৫১১০৫০ | |
| অঞ্চল-৪ | শিল্প | ৩ | ১০০৫০০০ | ১৭৯২০ | |
| | বাণিজ্যিক | ৩৮০ | ১২১৫০০০০ | ৮০৮৯১২ | |
| অঞ্চল-৫ | শিল্প | ০৪ | ১৬৬৬৬৬ | ৫৪৪৬০ | |
| | বাণিজ্যিক | ১৫৬ | ৩৭৫০০০ | ২৮০৮৬৮ | |
| অঞ্চল-৬ | শিল্প | ০০ | ৫০০০০ | ০০ | |
| | বাণিজ্যিক | ২৩১ | ৬০০০০০ | ৫২৯৬৯০ | |
| অঞ্চল-৭ | শিল্প | ০১ | ২৮২৮৩৪ | ৯৭৭৫ | |
| | বাণিজ্যিক | ৩৫৪ | ৮৭৩৭৯৩ | ৫৬১০৯৩ | |
| অঞ্চল-৮ | শিল্প | ০৮ | ৩৩৫০০০ | ১০৪১৬৭ | |
| | বাণিজ্যিক | ৩৫৯ | ৬৪৭৪৫৩ | ৫৬১২৯৫ | |
| শ্রেনীভিওিক মোট | শিল্প | ৪৪ | ১১৪০০০৭৪ | ৫৩০২১৯ | |
| | বাণিজ্যিক | ৩৬৭০ | ৫৩৯০৫৬৩২ | ৭৫৯৮৯২৩ | |
| সর্বমোট | শিল্প ও বাণিজ্যিক | ৩৭১৪ | ৬৫৩০৫৭০৬ | ৮১২৯১৪২ | |

৩) ২০২০-২১ অর্থবছরের মার্চ পর্যন্ত লাইসেন্স সংক্রান্ত বিবরণীঃ

| অঞ্চল | শ্রেণী | বর্তমান সংখ্যা (টি) | নবায়ন (টি) | অবশিষ্ট | দাবী (টাকা) | আদায় (টাকা) | অবশিষ্ট | আদায়ের হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| অঞ্চল-১ | শিল্প | ৭০৮ | ৪৫৩ | ২৫৫ | ৭১৬২৬৬০ | ৫৭৯৪৪০৯ | ১৩৬৮২৫১ | ৮০.৯০% |
| | বাণিজ্যিক | ১৫৫৩৯ | ১০৬৪৫ | ৪৮৯৪ | ৩৪৮৭৬৭৫৬ | ৩০২৯৭৬৫৬ | ৪৫৭৯১০০ | ৮৬.৮৭% |
| অঞ্চল-২ | শিল্প | ৯৪ | ৬৭ | ২৭ | ১০০০০০০ | ৬৮৭৬৪২ | ৩১২৩৫৮ | ৬৮.৭৬% |
| | বাণিজ্যিক | ২৪০০ | ১৮৩৪ | ৫৬৬ | ৪০০০০০০ | ৩৮৯২৯৪৬ | ১০৭০৫৪ | ৯৭.৩২% |
| অঞ্চল-৩ | শিল্প | ৪৯৯ | ২৫৫ | ২৪১ | ৫০০০০০০ | ২৭৮৫৭৫৯ | ২২১৪২৪১ | ৫৫.৭২% |
| | বাণিজ্যিক | ৮৮১৪ | ৫৬৯১ | ৩১২৩ | ১৫০০০০০০ | ১২৫০৮৪২০ | ২৪৯১৫৮০ | ৮৩.৩৯% |
| অঞ্চল-৪ | শিল্প | ১০৬ | ৬০ | ৪৬ | ১০০৫০০০ | ৫২৪৫৪৫ | ৪৮০৪৫৫ | ৫২.১৯% |
| | বাণিজ্যিক | ৬৮১১ | ৫২৪৬ | ১৫৪৫ | ১২১৫০০০০ | ১০৭৬৮৪৯৪ | ১৩৮১৫০৬ | ৮৮.৬৩% |
| অঞ্চল-৫ | শিল্প | ১১০ | ০৪ | ১০৬ | ১৬৬৬৬৬ | ৫৪৪৬০ | ১১২২০৬ | ৩২.৬৮% |
| | বাণিজ্যিক | ১৫৪৩ | ১৫৬ | ১৩৮৭ | ৩৭৫০০০ | ২৮০৮৬৮ | ৯৪১৩২ | ৭৪.৯০% |
| অঞ্চল-৬ | শিল্প | ৩৯১ | ১৯২ | ১৯৯ | ৩৫০০০০০ | ২২০৭৮৯০ | ১২৯২১১০ | ৬৩.০৮% |
| | বাণিজ্যিক | ৮৮১৮ | ৫৯৯৩ | ২৮২৫ | ১৫০২৯৬৯০ | ১৪৪১৯৫৮০ | ৬১০১১০ | ৯৫.৯৪% |
| অঞ্চল-৭ | শিল্প | ২১০ | ১৩১ | ৭৯ | ৩৩৯৪০১৫ | ১৫৯০২৭২ | ১৮০৩৭৪৩ | ৪৬.৮৫% |
| | বাণিজ্যিক | ৫৯৮৪ | ৪৪৭১ | ১৫১৩ | ১০৪৯০৫১৬ | ৭৯১২৯০৮ | ২৫৭৭৬০৮ | ৭৫.৪৩% |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অঞ্চল-৮ | শিল্প | ২৫৩ | ১৮৬ | ৬৭ | ৪০২০০০০ | ৩০২৪২৬৮ | ৯৯৫৭৩২ | ৭৫.২৩% |
| | বাণিজ্যিক | ৫১০৫ | ২৭৮২ | ২৩২৩ | ৭৭৬৯৪৩৬ | ৪৮৮৪৭৩৩ | ২৮৮৪৭০৩ | ৬২.৮৭% |
| শ্রেনীভিত্তিক মোট | শিল্প | ২৩৭১ | ১৩৪৮ | ১০২০ | ২৫২৪৮৩৪১ | ১৬৬৬৯২৪৫ | ৮৫৭৯০৯৬ | ৬৬.০২% |
| | বাণিজ্যিক | ৫৫০১৪ | ৩৬৮১৮ | ১৮১৭৬ | ৯৯৬৯১৩৯৮ | ৮৪৯৬৫৬০৫ | ১৪৭২৫৭৯৩ | ৮৫.২৩% |
| সর্বমোট | শিল্প ও বাণিজ্যিক | ৫৭৩৮৫ | ৩৮১৬৬ | ১৯১৯৬ | ১২৪৯৩৯৭৩৯ | ১০১৬৩৪৮৫০ | ২৩৩০৪৮৮৯ | ৮১.৩৫% |

০৫. বর্জ্য ব্যবস্থাপনা প্রসঙ্গে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, বর্ষা মৌসুমে চারিদিকে ডেঙ্গু মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। এতে ডেঙ্গু মশার কামড়ে প্রতি ঘরে ঘরে মানুষের জ্বর হচ্ছে। ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে ডেঙ্গু মশার উপদ্রব থেকে সিটি কর্পোরেশন এলাকার জনগনকে রক্ষা করার জন্য প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে মশার ঔষধ ছিটানোর সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| **বিবিধ-০১ঃ উন্নয়ন কাজের জন্য দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তিকে অনুদান প্রদান সম্পর্কে আলোচনাঃ** সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় সরকারি সহায়তায় বর্তমানে ব্যাপক উন্নয়ন কাজ চলমান আছে। তারই ধারাবাহিকতায় রাস্তার উন্নয়ন, ড্রেন প্রশস্ত করণের কাজে করতে হচ্ছে। ফলে বিভিন্ন স্থানে প্রয়োজন অনুযায়ী বাড়ীঘর, স্থাপনা, দোকানপাট ইত্যাদি অপসারণ করতে হচ্ছে। এতে উক্ত স্থাপনার এবং জায়গার অনুদান দিতে হচ্ছে। উক্ত অনুদানের জন্য বিভিন্ন দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তি ও প্রতিষ্ঠান আবেদন করেছেন। প্রধান সম্পত্তি কর্মকর্তা জায়গা ও বাড়ীঘর, স্থাপনা অপসারণের অনুদান পাওয়ার জন্য মাননীয় মেয়র বরাবর প্রদত্ত আবেদনসমূহ সভায় উপস্থাপন করেন। এপ্রিল/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুদান বাবদ ৭,৩৭,০০,০০০/- ((সাত কোটি সাইত্রিশ লক্ষ) টাকা বিভিন্ন দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তিকে প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তা ঘাটের উন্নয়ন ও ড্রেনের সম্প্রসারণের জন্য বিভিন্ন দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল ব্যক্তির জায়গা ও বাড়ী ঘরের অনুদান বাবদ এপ্রিল/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ৭,৩৭,০০,০০০/-(সাত কোটি সাইত্রিশ লক্ষ) টাকা অনুদান প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান সম্পত্তি কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

## বিবিধ-০২ঃ কোভিড-১৯, বিষয়ে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডাঃ মোহাম্মদ রহমত উল্লাহ সভাকে জানান যে,<br>ক) শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে ০৮টি এবং শহীদ আহসান উল্লাহ মাষ্টার জেনারেল হাসপাতালে ০৪ টি সহ সর্বমোট ১২ টি বুথের মাধ্যমে গাজীপুর সিটি কর্পোরেশন এর সম্মানিত ৫৫ বছরের তদূর্ধ বয়স্ক জনগোষ্ঠী এবং সরকার নির্ধারিত ১৯ শ্রেণীর অগ্রাধিকার তালিকার ব্যক্তিগণকে সিটি কর্পোরেশন ও জেলা স্বাস্থ্য বিভাগের মাধ্যমে কোভিড-১৯ টিকা প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br><br>খ) সভায় আরো জানান যে, সরকারের পরবর্তী সিদ্ধান্ত অনুযায়ী ৪০ বছর বা তদূর্ধ বয়সী ব্যক্তিবর্গকে টিকাদানের আওতায় আনার নির্দেশনা থাকায় এবং সিটি কর্পোরেশনের উদিষ্ট সকল জনসংখ্যাকে টিকার আওতায় আনার লক্ষ্যে মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সিটি কর্পোরেশনের আওতাধীন রাবেয়া আনোয়ার নগর মাতৃসদন, দাখিন খান, ওয়ার্ড নং-৩১, নগর মাতৃসদন মরকুন, টঙ্গী, ওয়ার্ড নং-৪৭ এবং শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে স্পেশালাইজড হাসপাতাল, কাশিমপুর, গাজীপুর সর্বমোট ০৩টি বুথের মাধ্যমে কোভিড-১৯ টিকা প্রদান করা হচ্ছে। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:-<br>ক) সরকারী নির্দেশনা অনুযায়ী কোভিড-১৯ বিষয়ে কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) সরকারী নির্দেশনা অনুযায়ী প্রত্যেকটি বুথে ২ জন সরকারী সিনিয়র ষ্টাফ নার্স এবং ৪ জন করে স্বেচ্ছাসেবীর সমন্বয়ে সর্বমোট ২৪ জন নার্স এবং ৪৮ জন বাংলাদেশ রেড ক্রিসেন্ট এবং কেয়ার বাংলাদেশ স্বেচ্ছাসেবীর মাধ্যমে টিকাদান কার্যক্রম পরিচালনা বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) গাজীপুর সিটি কর্পোরেশন এবং জেলা স্বাস্থ্য বিভাগ এর সাথে সমন্বয় করে কোভিড-১৯ টিকা কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য বিভাগ |

## বিবিধ-০৩ঃ. ইপিআই কার্যক্রম বিষয়ক আলোচনা:

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী শাখা/বিভাগ</th></tr>
<tr><td>গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডাঃ মোহাম্মদ রহমত উল্লাহ সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট ২য় পর্যায় এর মাধ্যমে ২টি নগর মাতৃসদন কেন্দ্র এবং ৪টি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে এপ্রিল/২০২১ মাসের প্রদত্ত সেবাসমূহ এর সংখ্যা ও ধরণ :
<table>
<tr><td>মোট রোগী</td><td>সিজারিয়ান সেকশন</td><td>স্বাভাবিক প্রসব</td><td>অন্যান্য সেবা</td><td>বিনামূল্যে সেবা</td></tr>
<tr><td>৫৬৬১ জন</td><td>৪৫ টি</td><td>৫৬ টি</td><td>৫৫৬০ জন</td><td>৬৩৫জন</td></tr>
</table>
</td><td>সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে স্বাস্থ্য সেবার মান আরো বৃদ্ধির জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>স্বাস্থ্য বিভাগ</td></tr>
</table>

## বিবিধঃ ০৬ঃ বঙ্গতাজ অডিটোরিয়াম-এর ভাড়া আদায় সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের সম্পত্তি কর্মকর্তা জনাব মোঃ নূরুজ্জামান মৃধা সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন বঙ্গতাজ অডিটোরিয়ামটি কোভিড-১৯ এর কারণে মার্চ, এপ্রিল ও মে/২০২১ মাসে কোন ভাড়া আদায় হয় নাই। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বঙ্গতাজ অডিটোরিয়ামের ভাড়া নিয়মিত আদায়ের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সম্পত্তি বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

** শিশুর লক্ষ্যমাত্রা বাৎসরিক= ২৬৫৬৭

** ১৫-৪৯ বছর মহিলার লক্ষ্যমাত্রা বাৎসরিক= ১২৪৯৮৭

ইপিআই রির্পোট

মাস: এপ্রিল/২০২১

| জোন নং | বিসিজি | পেন্টা | | | এস,আর | | টিডি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম ডোজ | ২য় ডোজ | ৩য় ডোজ | ১ম ডোজ | ২য় ডোজ | ১ম ডোজ | ২য় ডোজ | ৩য় ডোজ | ৪র্থ ডোজ | ৫ম ডোজ | |
| ০১ | ১৩৬২ | ১৪৬৯ | ১৪৫০ | ১৬১০ | ১৪১১ | ১৩৭৯ | ১০৬১ | ১২১২ | ১২৫৫ | ১২৭৪ | ১২১৩ | ৬০১৫জন |
| ০৪ | ৬৭১ | ৬৮৬ | ৭২৭ | ৮৯৫ | ৮৪১ | ৮০৩ | ৫৩৫ | ৫৫৯ | ৬৮০ | ৪৬৮ | ৫১৯ | ২৭৬১ জন |
| মোট= | ২০৩৩ | ২১৫৫ | ২১৭৭ | ২৫০৫ | ২৩০২ | ২১৮২ | ১৫৯৬ | ১৭৭১ | ১৯৩৫ | ১৭৪২ | ১৭৩২ | ৮৭৭৬ জন |

বিবিধঃ ০৭ঃ হাট-বাজার, মহাল, গণশৌচাগার, খেয়াঘাট ইজারা সংক্রান্ত বিষয়ে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের সম্পত্তি কর্মকর্তা জনাব মোঃ নূরুজ্জামান মৃধা সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন হাট-বাজার, মহাল, গণশৌচাগার, খেয়াঘাটসমূহ ১৪২৮ বাংলা সনের জন্য ইজারা প্রদান করা হয়েছে। তালিকা নিম্নরুপঃ-<br>১. টঙ্গী বাজার তরিতরকারী পান সুপারী ও ফল-মূল ও রকমারী মহাল (আংশিক)।<br>২. টঙ্গী বাজার কাপড় মহাল।<br>৩. টঙ্গী বাজার শুটকী মহাল ও সাপ্তাহিক মুরগী বাজার।<br>৪. টঙ্গী বাজার ছাগল মহাল।<br>৫. এরশাদনগর ১নং ব্লক বাজার।<br>৬. টঙ্গী বাজার চামড়া মহাল (আংশিক)।<br>৭. পূবাইল বাজার।<br>৮. মিরের বাজার।<br>৯. গাছা বাজার।<br>১০. মালেকের বাড়ী বাজার (আংশিক)।<br>১১. বোর্ড বাজার (আংশিক)।<br>১২. পূবাইল রেল ষ্টেশনের পার্শ্বে কাঁচা বাজার।<br>১৩. মাছ বাজার (জয়দেবপুর)।<br>১৪. গরুর বাজার (জয়দেবপুর)<br>১৫. তরকারী বাজার, জয়দেবপুর (আংশিক)।<br>১৬. হাঁস ও মুরগীর বাজার (জয়দেবপুর)<br>১৭. শিমুলতলী বাজার ও বিআইডিসি বাজার (জয়দেবপুর)।<br>১৮. কড্ডা বাজার (বাসন) কড্ডা খেয়াঘাট সহ।<br>১৯. সালনা বাজার (কাউলতিয়া)<br>২০. পোড়াবাড়ী বাজার (কাউলতিয়া)<br>২১. মাষ্টার বাড়ী বাজার (কাউলতিয়া)।<br>২২. কারখানা বাজার।<br>২৩. ভীম বাজার।<br>২৪. কাশিমপুর বাজার (কাশিমপুর)।<br>২৫. জিরানী বাজার (কাশিমপুর)<br>২৬. কোনাবাড়ী বাজার (কোনাবাড়ী)<br>২৭. নাওজোড় ছোবহান সরকারের বাড়ীর সামনে কাঁচা বাজার, শুকনা বাজার, মাছ, মাংস, মুরগী ইত্যাদি।<br>২৮. টঙ্গী অঞ্চলের কসাইখানা।<br><br>উপরোল্লিখিত ২৮টি হাট-বাজার/মহালের মধ্যে ০৪টি মহাল খাস আদায় হচ্ছে। তালিকা নিম্নরুপঃ-<br>০১. টঙ্গী বাজার চামড়া মহাল (আংশিক)।<br>০২. মাছ বাজার (জয়দেবপুর)।<br>০৩. তরকারী বাজার, জয়দেবপুর (আংশিক)।<br>০৪. হাঁস ও মুরগী বাজার (জয়দেবপুর)।<br><br>**গণশৌচারের নাম**<br>১. টঙ্গী থানার পার্শ্বে পাবলিক টয়লেট।<br>২. গণশৌচাগার, (শ্রম কল্যাণ কেন্দ্রের পার্শ্বে)।<br>৩. মন্নু মিলগেট সংলগ্ন পাবলিক টয়লেট।<br>৪. সাবেক বটতলা গণশৌচাগার (জয়দেবপুর)।<br>৫. জয়দেবপুর মধ্য বাজার গণশৌচাগার (জয়দেবপুর)<br>৬. বাস টার্মিনাল গণশৌচাগার (জয়দেবপুর)।<br>৭. পশ্চিম জয়দেবপুর পানির টাংকি সংলগ্ন গণশৌচাগার।<br>**খেয়া পাড়াপাড়ের নাম**<br>১. ভাদাম তালতলা হইতে দৌড় (আশুলিয়া সংযোগ সড়ক) খেয়া পাড়াপাড়<br>২. জরুন হতে কালাকৈর খেয়া পাড়াপাড়। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের উল্লেখিত তালিকা অনুযায়ী ১৪২৮ বাংলা সনের জন্য ২৮টি হাট-বাজারের মধ্যে ২৪টি হাট-বাজার, ০৭টি গনশৌচাগার, ০২টি খেয়াপাড়াপাড় ইজারা প্রদান করা হয়েছে এবং ০৪টি হাট-বাজার খাস আদায়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | সম্পত্তি বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০- ৬৫৯/১ (১৩) তারিখঃ ২১।৫।২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. প্রধান সম্পত্তি কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন,গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা-এর অবগতির জন্য)।
১৩. জনাব ...................................................................
১৪. অফিস কপি।

২১।৫।২১
প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন।